AKASHVANI KOLKATA

RNU: KOLKATA
Bengali Text Bulletin

Date 05-11-2026 **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ২০১৪ সালে ভারতে মেট্রো রেল পরিষেবা যেখানে ৫টি শহরের মধ্যে সীমাবদ্ধ ছিল, আজ তা ২৬টি শহরে পৌঁছেছে।

২) ভারত গায়নাকে সড়ক স্বাস্থ্য ও প্রতিরক্ষা প্রকল্পে ৫শো মিলিয়ন ডলার ঋণ দেবে বলে ঘোষণা করেছে।

৩) দিল্লির পরিবেশমন্ত্রী মনজিন্দার সিং সিরসা দাবি করেছেন, পাঞ্জাবে চলতি মাসের ৩ তারিখে ৫৮০-টি ফসলের গোড়া পোড়ানোর ঘটনা ঘটেছে।

৪) ভারতীয় সাইবার ক্রাইম সমন্বয় কেন্দ্র - আই ফোর সি ব্যাঙ্ক, বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান এবং ফিনটেক সংস্থাগুলিকে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে আর্থিক প্রতারণা বা সাইবার হামলার বিষয়ে বিশেষভাবে সতর্ক করেছে।

৫) এশিয়ান চ্যাম্পিয়ান্স ট্রফি হকিতে ভারত আজ জাপানের মুখোমুখি হবে।

oooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ২০১৪ সালে, ভারতে মেট্রো পরিষেবা ৫টি শহরে ২৪৮ কিলোমিটার জুড়ে ছিল। বর্তমানে মেট্রো পরিষেবা ২৬ টি শহরে প্রায় ১২শো কিলোমিটার পরিব্যাপ্ত রয়েছে। সমাজমাধ্যমে এক পোস্টে, শ্রী মোদী বলেন, প্রতিদিন দেশের ১কোটিরও বেশি মানুষ মেট্রোয় যাতায়াত করেন। এবং এর প্রভাব কোনো পরিসংখ্যান দিয়ে বিচার করা যায়না। এর ফলে, সময় বাঁচার পাশাপাশি উৎপাদনশীলতা বৃদ্ধি ও প্রত্যেকের পরিবারকে আরও বেশি সময় দেওয়ার সুযোগ হচ্ছে। ভারতের শহরাঞ্চলের রূপান্তর ঘটাতে তার সরকার কাজ করছে বলে প্রধানমন্ত্রী জানান। তিনি প্রশ্ন করেন, যে গতিতে ২০১৪ সালে মেট্রো রেলের পরিষেবা বাড়ছিল, সেই হিসেবে পুণেকে মেট্রো পরিষেবা পেতে আরও কতদিন অপেক্ষা করতে হতো।

oooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ এশিয়ান প্যারা গেমসে অংশ নেওয়া ভারতীয় খেলোয়াড়দের সঙ্গে মতবিনিময় করবেন। নতুন দিল্লীর ইন্দিরা গান্ধী স্পোর্টস কমপ্লেক্সে এই অনুষ্ঠানে উপস্থিত সকলের উদ্দেশে ভাষণও দেবেন তিনি।

উল্লেখ্য, জাপানের আইচি-নাগোয়ায় অনুষ্ঠিত এশিয়ান প্যারা গেমসে এবার নজির গড়েছে ভারত। দেশের ৯৭ জন খেলোয়াড় মোট ১১৪টি পদক জিতেছেন। এর মধ্যে রয়েছে ৩০টি সোনা, ৩৫টি রুপো এবং ৪৯টি ব্রোঞ্জ। এটাই এশিয়ান প্যারা গেমসে ভারতের সর্বকালের সেরা ফল।

আজ অনুষ্ঠানে পদকজয়ী খেলোয়াড়দের পাশাপাশি তাঁদের প্রশিক্ষক, ক্রীড়া সংস্থার প্রতিনিধি এবং কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রকের আধিকারিকরাও উপস্থিত থাকবেন।

oooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ অম্বালা সেনা ছাউনিতে ১৮৫৭ সালের প্রথম স্বাধীনতা সংগ্রামের বীর শহীদদের স্মরণে নির্মিত একটি শহীদ স্মারক উদ্বোধন করবেন। গতকাল অম্বালায় এক সাংবাদিক সম্মেলনে বিজেপি নেতা, প্রাক্তন মন্ত্রী অসীম গোয়েল বলেন, এটি কেবল একটি স্মারকের আনুষ্ঠানিক উদ্বোধন নয়, বরং সারা দেশের কৃতজ্ঞতা প্রকাশের এক ঐতিহাসিক মুহূর্ত। তিনি আরও বলেন, প্রায় ৮০০ কোটি টাকা ব্যয়ে অন্তত ২২ একর জমির ওপর নির্মিত এই স্মারকটি হরিয়ানার ঐতিহ্যের অংশ হিসেবে এক অনন্য পরিচয় গড়ে তুলবে। এই স্মারকে ১৮৫৭ সালের স্বাধীনতা সংগ্রামের সঙ্গে যুক্ত ৭ শোরও বেশি বীর শহীদের নাম সোনালী অক্ষরে খোদাই করা হয়েছে।

oooooooooooooooooo

বিদেশমন্ত্রী এস. জয়শঙ্কর, উন্নত যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে সরবরাহ শৃঙ্খলকে মজবুত করার জন্য কমনওয়েলথভুক্ত দেশগুলির প্রতি আহ্বান জানিয়েছেন। এর ফলে ব্যবসা বাণিজ্য আরও গতিশীল হয়ে উঠবে। অ্যান্টিগুয়া ও বারবুডার সেন্ট জনস-এ অনুষ্ঠিত 'কমনওয়েলথ দেশগুলির ব্যবসায়িক ক্ষেত্রে শীর্ষ স্থানীয় নেতাদের এক সভায় তিনি, স্থানীয় স্তরে নেটওয়ার্ক আরও শক্তিশালী করা, দক্ষতা উন্নয়ন এবং সক্ষমতা বৃদ্ধির ওপর জোর দেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে ড. জয়শঙ্কর কর্মদক্ষতা, সুশাসন ও বৃদ্ধির চালিকাশক্তি হিসেবে ডিজিটাল প্রযুক্তির ভূমিকার ওপর আলোকপাত করেন। আন্তর্জাতিক সৌর জোট এবং বিপর্যয় মোকাবিলা পরিকাঠামো জোটের মাধ্যমে জলবায়ু বিষয়ক কার্যক্রমে বৃহত্তর সহযোগিতার আহ্বান জানান এবং মানবিক সহায়তা প্রদানের সুবিধার্থে স্থানীয় স্তরে বিশেষ কেন্দ্র গড়ে তোলার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দেন। 'কমনওয়েলথ অফ নেশনস' হল ৫৬টি সার্বভৌম সদস্য রাষ্ট্রের একটি সংগঠন।

oooooooooooooooooo

ভারত গায়নাকে সড়ক স্বাস্থ্য ও প্রতিরক্ষা প্রকল্পে ৫শো মিলিয়ন ডলার ঋণ দেবে বলে ঘোষণা করেছে। অ্যান্টিগুয়া ও বারবুডায় বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শঙ্করের সঙ্গে গায়নার প্রেসিডেন্ট মহম্মদ ইরফানের বৈঠকের পর এই ঘোষনা করা হয়। উভয় নেতা বাণিজ্য, বিনিয়োগ, বিদ্যুৎ, কৃষি, পরিকাঠামো উন্নয়ন, ডিজিটাল প্রযুক্তি সহ পারস্পরিক বিভিন্ন স্বার্থ সংশ্লিষ্ট ক্ষেত্রে সহযোগিতা আরও মজবুত করার বিষয়ে আলোচনা করেছেন। সমাজমাধ্যমে এক পোস্টে বিদেশ মন্ত্রক জানিয়েছে, ভারত ইতোমধ্যেই গায়েনায় বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প সম্পন্ন করেছে।

oooooooooooooooooo

বাংলাদেশে কুমিল্লার বুড়িচং উপজেলা থেকে ইস্টার্ন মেডিকেল কলেজের ২৬ বছর বয়সী ভারতীয় পড়ুয়া আদনান আলতাফের মৃতদেহ উদ্ধার করেছে বাংলাদেশ পুলিশ।

সে দেশের একাধিক সংবাদমাধ্যম জানিয়েছে, জম্মু ও কাশ্মীরের বাসিন্দা পঞ্চম বর্ষের এমবিবিএস শিক্ষার্থী আদনান গত সোমবার রাতে কলেজ ক্যাম্পাস থেকে নিখোঁজ হন। নিখোঁজ হওয়ার দুদিন পর গতকাল কলেজ থেকে প্রায় ৫০০ গজ দূরে মণিপুর গ্রামের একটি পুকুর থেকে পুলিশ তাঁর দেহ উদ্ধার করে।

oooooooooooooooooo

দিল্লির পরিবেশমন্ত্রী মানজিন্দার সিং সিরসা দাবি করেছেন, পাঞ্জাবে চলতি মাসের ৩ তারিখে ৫৮০-টি ফসলের গোড়া পোড়ানোর ঘটনা ঘটেছে। জাতীয় রাজধানীর শাস্ত্রী পার্কে ইন্টিগ্রেটেড কমান্ড অ্যান্ড কন্ট্রোল সেন্টার পরিদর্শনকালে শ্রী সিরসা বলেন, গত মাসের ৩০ তারিখে দিল্লির বাতাসের গুণমানের সূচক ছিল ৬০। যা পরের দিনই বেড়ে দাঁড়ায় ১১৭-য়। তিনি প্রশ্ন করেন পরবর্তী তিনদিনে কি এমন ঘটলো, যাতে দিল্লির দূষণ হঠাৎ করে বেড়ে গেছে। কারণ দিল্লিতে এমন কোন নতুন নির্মাণ শুরু হয়নি বা যানবাহন ও শিল্প থেকে দূষণ ছড়ায়নি। মন্ত্রী বলেন, পাঞ্জাব সরকারের দেওয়া তথ্য অনুযায়ী সেখানে ৭০ শতাংশ ফসল তোলার কাজ শেষ হয়েছে। শ্রী সিরসা বলেন, পাঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্তমান ফসল তোলার বিষয়ে অসত্য বিবৃতি দিচ্ছেন।

(বাইট – সিরসা)

oooooooooooooooooo

ভারতীয় সাইবার ক্রাইম সমন্বয় কেন্দ্র - আই ফোর সি ব্যাঙ্ক, বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান এবং ফিনটেক সংস্থাগুলিকে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে আর্থিক প্রতারণা বা সাইবার হামলার বিষয়ে বিশেষভাবে সতর্ক

করে দিয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধিনস্থ এই সংস্থা এক অ্যাডভাইসারিতে ইন্ডিয়ান কম্পিউটার এমার্জেন্সি রেসপন্স টিমের দেওয়া গাইডলাইন অবিলম্বে কার্যকর করতে বলেছে। যেকোনো ধরনের সাইবার হামলার ঘটনায় তা নজরে আসার ৬ ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে রিপোর্ট জানাতে বলা হয়েছে। Daksh পোর্টালের মাধ্যমে রিজার্ভ ব্যাঙ্কেও এই ধরনের ঘটনা সম্পর্কে অবহিত করতে বলা হয়েছে।

oooooooooooooooooo

তথ্য সম্প্রচার এবং রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, লোকসভা হলো গণতন্ত্রের মন্দির এবং সরকার যেকোনো বিষয়ে আলোচনা করতে প্রস্তুত।

তিনি বলেন, ভারতীয় জনতা পার্টি এবং জাতীয় গণতান্ত্রিক জোট (এনডিএ) গণতন্ত্রে বিশ্বাস করে, যেখানে কংগ্রেস সংবিধান হত্যা করতে লিপ্ত। যারা সংবিধানের বই প্রদর্শন করে, তারা নিজেরোই সংবিধানের নীতি নিয়ম লঙ্ঘন করে।

জয়পুরে অগ্নিবীর প্রকল্প প্রসঙ্গে সাংবাদিকদের শ্রী বৈষ্ণব বলেন, প্রথম থেকেই প্রধানমন্ত্রী এবং প্রতিরক্ষা মন্ত্রী এটিকে একটি চমৎকার উদ্যোগ বলে অভিহিত করেছেন। বিগত চার বছরে এর সুফল স্পষ্ট হয়ে উঠেছে। নিয়মিত পর্যালোচনার মাধ্যমে অগ্নিবীর প্রকল্প যে সফল, তা প্রমাণিত হয়েছে।

(বাইট – অশ্বিনী বৈষ্ণব)

oooooooooooooooooo

কনফেডারেশন অব অল ইন্ডিয়া ট্রেডার্স লোকসভার বিরোধী দলনেতা কংগ্রেস নেতা রাহুল গান্ধীকে একটি চিঠিতে জানিয়েছে বিগত এক মাস ধরে রাজনৈতিক মিছিল, প্রতিবাদ ও বিক্ষোভের কারণে দিল্লিতে বাণিজ্যিক কার্যক্রম বারংবার ব্যাহত হয়েছে। এই চিঠির মাধ্যমে সারা দেশের ব্যবসায়ী সম্প্রদায়ের গভীর ক্ষোভ ও অসন্তোষ প্রকাশ পেয়েছে।

চিঠিতে বলা হয়েছে, চলতি মাসের ১ তারিখে কংগ্রেস এবং অন্যান্য বিরোধী দলের বিক্ষোভ প্রদর্শন নিয়ে প্রশ্ন তুলেছে CAIT। সংস্থাটি জানিয়েছে তারা চিঠির বিষয়ে শ্রী গান্ধীর উত্তরের অপেক্ষায় রয়েছে।

তবে দীপাবলির পরেই দিল্লি এবং দেশের শীর্ষস্থানীয় ব্যবসায়ী নেতৃত্ব নতুন দিল্লিতে একটি গুরুত্বপূর্ণ জাতীয় পর্যায়ের বৈঠকে ভবিষ্যতের পদক্ষেপ নিয়ে আলোচনার করবেন। পাশাপাশি, এই ইস্যুতে সারা দেশে

'ধিক্কার দিবস' পালন করা হবে বলেও ঘোষণা করেছে CAIT। কবে এই কর্মসূচী পালন করা হবে তা নির্ধারিত হবে ওই বৈঠকে।

সংবাদমাধ্যমকে CAIT-র মহাসচিব প্রবীণ খান্ডেলওয়াল বলেন, ব্যবসায়ীদের যে আর্থিক ক্ষতি হয়েছে সেটির জবাব চেয়ে তারা এই চিঠিতে রাহুল গান্ধীর কাছে পাঁচটি প্রশ্ন তুলে ধরেছে।

BYTE- PRAVEEN KHANDELWAL

oooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ ভারত রত্ন ভূপেন হাজারিকার প্রয়াণ দিবসে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। সমাজ মাধ্যমে এক পোস্টে শ্রী শাহ কিংবদন্তি গায়ক, গীতিকার ও সুরকারকে শ্রদ্ধা নিবেদন করে বলেন ভূপেন হাজারিকা এক চিরস্থায়ী সাংস্কৃতিক ঐতিহ্য রেখে গেছেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন তাঁর চিরকালীন সঙ্গীতের মধ্যে দিয়ে ডক্টর হাজারিকা ভারতের সাংস্কৃতিক ঐতিহ্যকে সমৃদ্ধ করে যাবেন। বিশ্ব মঞ্চে আসামক তার প্রাপ্য স্বীকৃতি এনে দেওয়ার পাশাপাশি শ্রী হাজারিকা মানবতা ও সংহতির বার্তা দিয়েছেন।

oooooooooooooooo

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা, আজ স্বাধীনতা সংগ্রামী দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের জন্মজয়ন্তীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। সমাজমাধ্যমে এক পোস্টে দেশবন্ধু চিত্তরঞ্জন দাসকে এক সুদক্ষ আইনজীবী ও মহান রাষ্ট্রবাদী নেতা বলে বর্ণনা করেন। অসাধারণ প্রতিভা, রাষ্ট্রের প্রতি দায়বদ্ধতা চিত্তরঞ্জনকে স্বাধীনতা সংগ্রামী হিসেবে বিশিষ্টতা দান করেছিল।

oooooooooooooooo

সেনেগালের ডাকারে যুব অলিম্পিক গেমসে, ব্যাডমিন্টনে মহিলাদের সিঙ্গলসে ভারতের তন্বী পাত্রী ফাইনালে পৌঁছে ইতিহাস রচনা করেছেন। এই প্রথম কোনো ভারতীয় মহিলা খেলোয়াড় এই প্রতিযোগিতার ফাইনালে পৌঁছলেন। সেমিফাইনালে তন্বী, জাপানের ইউজুনো ওয়াতানাবেকে ২১-১৪, ১১-২১, ২১-১৯-এ হারিয়ে দেন। আজ ফাইনালে তন্বী চীনের-ই জিং ইয়াংয়ের মুখোমুখি হবেন।

oooooooooooooooo

মোহালিতে আজ এশিয়ান চ্যাম্পিয়ন্স ট্রফির ফাইনালে ভারতীয় হকি দল মুখোমুখি হবে জাপানের। অলিম্পিয়ান বলবীর সিং সিনিয়র ইন্টারন্যাশনাল হকি স্টেডিয়ামে ম্যাচটি শুরু হবে সন্ধ্যা ৭টায়।

গতকাল সেমিফাইনালে দক্ষিণ কোরিয়াকে ৮-১ ব্যবধানে হারিয়ে ভারত ফাইনালে নিজেদের জায়গা নিশ্চিত করেছে। অন্যদিকে, মালয়েশিয়াকে হারিয়ে ফাইনালে ওঠে জাপান।

oooooooooooooooo

oooooooooooooooo